# সেপ্টেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

প্রশাসক ঃ মোঃ মহিদুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।

তারিখ ঃ ২৩/০৯/২০২৫ খ্রি.।
সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ১৪/০৮/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ বিশেষ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল) কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

**১.উপজেলা স্বাস্থ্য বিভাগঃ**

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সোলার প্যানেল স্থাপন ও অন্যান্য মালামাল সরবরাহ করার জন্য অনুরোধ করেন। | এ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় যে, উপজেলা প্রকৌশলী, কাউনিয়া কর্তৃক স্বাস্থ্য কমপ্লেক্স সরেজমিন তদন্ত সাপেক্ষে প্রাক্কলন প্রস্তুত করে ২০২৫-২৬ অর্থ বছর (এডিপি)খাত হতে জরুরী ভিত্তিতে আরএফকিউ প্রকল্পের মাধ্যমে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী, উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**২.উপজেলা কৃষি বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার বলেন যে, ২০২৫-২৬ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল কর্মসূচির আওতায় প্রতিবছরের ন্যায় চর এলাকায় মিস্টি কুমড়ার চাষের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ১২০ জন ক্ষুদ্র ও প্রান্তি কৃষকের মাঝে সার, কীটনাশক ও অন্যান্য সহায়তা বাবদ ১ম ধাপে মোট =৪,৯৯,৪৪০/- (চারলক্ষ নিরানব্বই হাজার চারশত চল্লিশ) টাকা বরাদ্দের জন্য সহায়তা প্রয়োজন।<br>এছাড়া খরিপ-২ মৌসুমে প্রণোদনা আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ ২০০ জন, মাসকলাই ১৬০ জন কৃষকের মাঝে প্রণোদনার সার ও বীজ বিতরণ করা হয়েছে। বসতবাড়ীতে শাকসবজি চাষের জন্য ২৪০ জন এবং মাঠে শাকসবজি চাষের জন্য ৪৩০ জন মোট ৬৭০ জন কৃষককে সার ও বীজ বিতরণ করা হবে। এছাড়াও বিভিন্ন প্রকার রোগ ও পোকামাকড়ের আক্রমণ বিষয়ে পরামর্শ প্রদান এবং আলোক ফাঁদ ব্যবহার অব্যাহত রয়েছে। | এ বিষয়ে আলোচনান্তে প্রতিবছরের ন্যায় ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল খাত হতে ১ম ও ২য় খাত একত্রে সীমিত দরপত্রের মাধ্যমে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী, উপজেলা উপজেলা কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর। |

**৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, উপজেলায় গবাদি পশুর তড়কা রোগের সংক্রমণ প্রতিরোধে ৩৫০০০ মাত্রা তড়কা টিকা সংগ্রহ করা হয়েছে। ০৭ টি মেডিকেল টিম গঠনের মাধ্যমে টিকা প্রদান কর্মসূচি চলমান রয়েছে। এছাড়া মাংস ব্যবসায়ীদের অসুস্থ পশু জবাই করা থেকে বিরত থাকার জন্য সতর্ক থাকতে পত্র প্রেরণ করা হয়েছে। ইসলামিক ফাউন্ডেশন, ইমাম, জনপ্রতিনিধিদের তড়কা রোগের বিষয়ে সচেতনতামূলক লিফলেট পাঠিয়ে কার্যকর উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হয়েছে। এছাড়া গবাদি পশুর তড়কা রোগের সংক্রমণ প্রতিরোধে কসাই ও মাংস ব্যবসায়ীদের অংশগ্রহণে সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। তাঁর কার্যালয়ের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলায় গবাদি পশুর তড়কা রোগের সংক্রমণ প্রতিরোধে কসাই ও মাংস ব্যবসায়ীদের সচেতনতামূলক প্রশিক্ষণের জন্য =১,০০,০০০/- (একলক্ষ) টাকা উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী, ও উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**৪. মৎস্য বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ গত ১৮-২৪ আগস্ট জাকজমকভাবে উদযাপন করা হয়েছে। রাজস্ব খাতের আওতায় উপজেলায় ১১টি জলাশয়ে মোট ৩৫০ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। মৎস্য সংরক্ষণ আইনের আওতায় উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে একটি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কাউনিয়া, রংপুর। |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার, কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে,২০২৫-২০২৬ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় অত্র উপজেলারা সেপ্টেম্বর মাসের খাদ্য বরাদ্দ প্রদান করা হয়েছে। সকল ইউনিয়নে কার্ড বিতরণের কাজ চলমান। উপকারভোগীদের একাউন্ট খোলা ও সঞ্চয় জমা করার ব্যবস্থা গ্রহণ করার জন্য ইউপি চেয়ারম্যানগনকে পত্র প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, সঞ্চয় জমা, দল গঠন, ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ৩০ জন সুফলভোগীকে "অপ্রধান শস্য উৎপাদন" বিষয়ক ০৩ দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২টি কিশোরী সংঘের ২০০ জন স্কুলগামী কিশোরীদের স্বাস্থ্য সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। শহীদবাগ বালিকা পল্লী উন্নয়ন কিশোরী সংঘের ১১জন কিশোরী সদস্যকে প্রনোদনাসহ সঞ্চয় ফেরত প্রদান করা হয়েছে। তাদের নিজস্ব সঞ্চয় জমা =৭৮,৭০০/- এবং সরকারী প্রনোদনার পরিমাণ =১,৪৬,৪০০/- টাকা সহ মোট =২,২৫,১০০/- টাকা ফেরত প্রদান করা হয়। ধর্মেশ্বর মহেশা দ্বিমুখী পল্লী উন্নয়ন কিশোরী সংঘের ৩জন কিশোরী সদস্যকে তাদের নিজস্ব জমাকৃত সঞ্চয় =১৬,১৫০/- টাকা ও সরকারী প্রনোদনা =২৪,১০০/- টাকা সহ মোট ৪০,২৫০/- টাকা ফেরত প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর আলোকে জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ প্রদানের লক্ষ্যে অনলাইন আবেদন ফরম জারীর পাশাপাশি সরাসরি সমিতি পর্যায়ে বিতরণ করা হয়েছে। প্রাপ্ত আবেদনের আলোকে গত ১৭/০৯/২০২৫ খ্রি. উপজেলা বাছাই কমিটির সভায় ২টি সমিতি এবং ২জন সমবায়ীকে যোগ্য বিবেচনাপূর্বক জেলা কমিটিতে প্রেরণ করা হয়েছে। পুরস্কার মূল্যমান - ১টি সনদ, ১টি ক্রেস্ট ও ১লক্ষ টাকা। তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা সমবায় অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা বন অফিসার জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল অধিদপ্তর (জনসাস্থ্য) জানান যে, ইউনিয়ন পরিষদ সমূহে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য টিউবওয়েল বিশেষ প্রয়োজন। তিনি সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন। এছাড়া তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ২০২৫-২০২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি)খাত হতে বিভাজন অনুযায়ী বিশুদ্ধ পানি সরবরাহের জন্য আরএফকিউ প্রকল্পের মাধ্যমে ক্রয় করে সকল ইউনিয়ন মোট= ১২৮টি টিউবওয়েল ক্রয়ের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কাউনিয়া, রংপুর। |

১৭. উপজেলা খাদ্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা খাদ্য কর্মকর্তা, জানান যে, তার অফিসের অফিস রুমের অবস্থা শোচনীয় তাই ফ্লোরে টাইলস করা প্রয়োজন। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা খাদ্য কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৮. আনসার ও ভিডিপি বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, সামনে শারদীয় দূর্গাপুজায় প্রতি মন্ডপ ভিত্তিক আনসার নিয়োগ কাজ চলছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৯. উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্রঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা ইনস্ট্রাক্টর জানান যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয় কর্তৃক অফিসের নাম 'উপজেলা রিসোর্স সেন্টার' থেকে পরিবর্তন করে 'উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্র (UPETC)' করা হয়েছে। প্রশিক্ষণ কক্ষে সোলার/আইপিএস লাগানো প্রয়োজন। এব্যাপারে সভাপতির সদয় দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় আলোচনান্তে সোলার/ আইপিএস বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হবে। | উপজেলা ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কাউনিয়া, রংপুর। |

২০. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কার্যালয়ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২১. উপজেলা পরিসংখ্যান বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২২. ৩নং কুর্ণা ইউনিয়ন পরিষদ:

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | চেয়ারম্যান ৩নং কুর্ণা ইউনিয়ন পরিষদ, কাউনিয়া বলেন যে, কুর্ণা ইউনিয়ন দিয়ে মানাস নদী প্রবাহিত হয়ে টেপামধুপুর ইউপি পর্যন্ত চলে গেছে । উক্ত নদীর বুড়াইল ব্রীজ এর সামনে অভয়াশ্রম করার প্রস্তাব করেন। | ২০২৫-২০২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি)খাত হতে বিভাজন অনুয়ায়ী কুর্ণা ইউনিয়নে বুড়াইল ব্রীজ এর সামনে অভয়াশ্রম করার প্রস্তাব সভায় অনুমোদিত হয়। উপজেলা প্রকৌশলী ও উপজেলা মৎস্য কর্মকর্তাসহ সরেজমিন দেখে প্রাক্কলন প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা মৎস্য অফিসার কাউনিয়া, রংপুর। |

২৩. ৬নং টেপামধুপুর ইউনিয়ন পরিষদ:

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | চেয়ারম্যান, টেপামধুপুর ইউপি বলেন যে, তার ইউপি ৬নং ওয়ার্ড এর চরে ঘনবসতি এলাকা ও একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। তিস্তা নদীর তীব্র স্রোতে ইতমধ্যে কয়েক একর জমি নদীগর্ভে বিলীন হয়েছে। দ্রুত ব্যবস্থা গ্রহণ না করলে স্কুলসহ প্রায় শতাধীক বাড়ি নদীতে বিলীন হয়ে যাবে। নদী ভাঙ্গন রোধ করার জন্য বাঁশ ও বস্তায় মাটি ফেলানো জন্য প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সম্মতিক্রমে কার্যক্রম চলছে। এতে প্রায় =২,৫০,০০০/- (দুইলক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে। তিনি উপজেলা পরিষদ হতে ব্যয়ের অনুমতি ও বিল পরিশোধের জন্য অনুরোধ করেন। | টেপামধুপুর ইউপি ৬নং ওয়ার্ডে বন্যায় নদী ভাঙ্গন রোধ করার জন্য বাঁশ ও বস্তায় মাটি ভরাটের জন্য পিআইসি প্রকল্পের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করে উপজেলা রাজস্ব তহবিল অ-প্রত্যাশিত খাত =২,৪১,০০০/-(দুই লক্ষ একচল্লিশ হাজার)টাকা (ভ্যাট+আয়কর)সহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

২৪. উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর :

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | আগস্ট/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের পঞ্চ বার্ষিকী পরিকল্পনা ২০২৫-২০২৯ পর্যন্ত ০৫(পাঁচ) বছর মেয়াদী প্রস্তুত করা হয়েছে । উক্ত পঞ্চ বার্ষিকী পরিকল্পনা প্রস্তুত করার জন্য সকল চেয়ারম্যান ও বিভাগীয় কর্মকর্তাগণকে তথ্য সরবরাহের জন্য অনুরোধ করেন।<br>২। উপজেলা কনফারেন্স/হলরুমে ৫০ ইঞ্চি স্মার্ট টিভি ০১টি ডিসপ্লে হিসেবে ব্যবহারে জন্য ক্রয় করা প্রয়োজন। তিনি সভায় অনুমোদনের জন্য পেশ করেন। | ১। ২০২৫-২০২৯ ০৫(পাঁচ বছর) মেয়াদী পঞ্চ বার্ষিকী পরিকল্পনা প্রস্তুত ও প্রকাশনার জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিল প্রকাশনা খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা কনফারেন্স/হলরুমের জন্য ৫০ইঞ্চি স্মার্ট টিভি ০১টি ডিসপ্লে হিসেবে ব্যবহারের জন্য বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

MHaque
২৩/০৯/২৫

(মোঃ মহিদুল হক)
প্রশাসক
উপজেলা পরিষদ,
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
কাউনিয়া, রংপুর।